দৈনিক ইত্তেফাক

তারিখ ... 27 MAY 1998
পৃষ্ঠা ১২ কলাম ৩

13

# হোমিও মেডিক্যাল কলেজ হাসপাতালের সমস্যা নিরসনের আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ গত ২২শে মে স্থানীয় একটি হোটেলে চট্টগ্রামের হোমিওপ্যাথিক চিকিৎসক ও ছাত্র-ছাত্রীদের এক সভায় বক্তারা চট্টগ্রাম হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ ও হাসপাতালের বিরাজমান পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করিয়া এব্যাপারে অবিলম্বে কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবী জানাইয়াছেন। ডাঃ আনোয়ারুল আহসানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ডাঃ খোদেজা খুরশিদ অপরাজিতা, ডাঃ অর্জুন কুমার মল্লিক, ডাঃ মোহাম্মদ আইয়ুব, ডাঃ ভজন কুমার তলাপাত্র, ডাঃ ফেরদাউস নাহার, ডাঃ রতন বড়ুয়া, ডাঃ দেবব্রত ভট্টাচার্য প্রমুখ।